



# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা  
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/প্রশা/বপ/অআ/২০২৪/৪১৬৭

তারিখ ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর কর্মকর্তা ও কর্মচারীদের সুষ্ঠু ব্যবস্থাপনা, প্রাতিষ্ঠানিক প্রয়োজন বা বিশেষ পরিস্থিতি বিবেচনায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বদলি/পদায়ন কার্যক্রম সঠিক, নিরপেক্ষ এবং স্বচ্ছতার সাথে প্রতিপালনের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট বদলি/পদায়ন নীতিমালাসহ বদলি/পদায়ন-এর জন্য একটি কমিটি গঠন করেছেন যা নিম্নরূপ:

### (ক) এসডিএফ এর কর্মকর্তা ও কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা:

- ১। বদলি প্রতিষ্ঠানের একটি নিয়মিত (Routine) কার্যক্রম; প্রতিষ্ঠানের প্রয়োজনে যে কোন কর্মকর্তা/কর্মচারিকে সংশ্লিষ্ট প্রকল্পের শূন্য পদের বিপরীতে যে কোন সময় যে কোন স্থানে/পদে বদলি/পদায়ন করা যাবে, এক্ষেত্রে এসডিএফ-এ বাস্তবায়নধীন প্রকল্পসমূহের মধ্যে এক প্রকল্প থেকে অন্য প্রকল্পে কর্মকর্তা/কর্মচারি বদলি/পদায়ন করা যাবে না;
- ২। সাধারণত: একজন কর্মকর্তা/কর্মচারি একটি কর্মস্থলে ০৩ (তিন) বৎসর পর্যন্ত কর্মরত থাকবেন, তবে প্রতিষ্ঠানের বিশেষ প্রয়োজনে/কোন কারণে তাকে উক্ত সময়কালের পূর্বেই অন্যত্র বদলি করা যাবে;
- ৩। কোন কর্মকর্তা/কর্মচারির আচরণ বা কর্মকাণ্ডে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হলে বা তাঁর বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে যথাযথ তদন্ত ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের পাশাপাশি তাকে শাস্তিস্বরূপ অন্যত্র বদলি করা যাবে;
- ৪। বিশেষ অক্ষমতাজনিত কারণে কোন কর্মকর্তা/কর্মচারিকে তাঁর সুবিধামত স্থানে বিশেষ বিবেচনায় বদলি করা যাবে;
- ৫। প্রতিষ্ঠানের কোন বিরূপ মন্তব্য না থাকলে কর্মকর্তা/কর্মচারিকে পারস্পরিক সন্মতির আবেদনের ভিত্তিতে বদলি করা যাবে;
- ৬। কোন কর্মকর্তা/কর্মচারিকে তাঁদের নিজ জেলায়/এলাকায় বদলি/পদায়ন করা যাবে না, তবে নিকটবর্তী জেলায়/এলাকায় বদলি/পদায়ন করা যাবে;
- ৭। কর্মকর্তা/কর্মচারি সম্পর্কে স্বামী/স্ত্রী হলে তাঁদের একই/নিকটবর্তী কর্মস্থলে বদলির বিষয়টি ক্ষেত্রবিশেষে বিবেচনা করা যেতে পারে;
- ৮। কোন কর্মকর্তা/কর্মচারির মধ্যে টীম-স্পিরিটের অভাব থাকলে যথাযথ পর্যালোচনাপূর্বক তাকে অন্যত্র বদলি করা যাবে;
- ৯। কোন কর্মকর্তা/কর্মচারির বদলির আবেদন তাঁর সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম হয়ে আসতে হবে;

### (খ) বদলি/পদায়ন সুপারিশ কমিটি:

- ১। পরিচালক, এমইএল, এসডিএফ, ঢাকা - আহ্বায়ক;
- ২। মহাব্যবস্থাপক, প্রশাসন, এসডিএফ, ঢাকা - সদস্য;
- ৩। মহাব্যবস্থাপক, মানব সম্পদ, এসডিএফ, ঢাকা - সদস্য সচিব;

পুনঃগঠিত বদলি/পদায়ন কমিটি সংস্থার কর্মকর্তা ও কর্মচারির দাখিলকৃত বদলি/পদায়নের আবেদনসমূহ (প্রয়োজ্য ক্ষেত্রে) উপরোল্লিখিত নীতিমালা মোতাবেক যাচাই-বাছাই সাপেক্ষে প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালক বরাবর উপস্থাপন করবেন। ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনবোধে চেয়ারম্যান এর সাথে আলোচনা সাপেক্ষে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মো: নুরুল আমিন)

ব্যবস্থাপনা পরিচালক

টেলিফোন: ৪১০২২৫২৬

সদয় অবগতির জন্য: মাননীয় চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস, এসডিএফ, ঢাকা।

বিতরণ: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

- ১) পরিচালক (সকল), এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (সকল), এসডিএফ।
- ৩) মহাব্যবস্থাপক (সকল), এসডিএফ, ঢাকা।
- ৪) প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা, এসডিএফ, ঢাকা।
- ৫) আঞ্চলিক কো-অর্ডিনেটর (সকল), কম্পোনেন্ট-৩, এসসিএমএফপি, এসডিএফ।
- ৬) জেলা ব্যবস্থাপক (সকল), এসডিএফ।
- ৭) অফিস কপি।